

জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর আওতায় সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের
(stakeholders) অংশগ্রহণে সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ সাদ্দাম হোসেন, উপজেলা মৎস্য কর্মকর্তা, বাগাতিপাড়া, নাটোর
সভার স্থানঃ উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, বাগাতিপাড়া, নাটোর
তারিখঃ ২০-০৯-২০২৩ খ্রি.

সময়ঃ সকাল ১১.৩০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের উপস্থিতি পরিশিষ্ট “ক”

সভাপতি সভায় উপস্থিত অতিথিবৃন্দকে স্বাগত জানিয়ে সুশাসন প্রতিষ্ঠায় অংশীজনের সভার কাজ আরম্ভ করেন। তিনি জলজ সম্পদে সমৃদ্ধ বাংলাদেশের বিপুল জনগোষ্ঠীর পুষ্টির চাহিদা পূরণ, কর্মসংস্থান সৃষ্টি ও আর্থ সামাজিক উন্নয়নে মৎস্য সেক্টরের অবদানের বিষয়ে আলোচনা করেন। তিনি মাঠ পর্যায়ে মৎস্য অধিদপ্তরের কার্যক্রম সম্পর্কে সভায় উপস্থিত অংশীজনবৃন্দকে অবহিত করেন এবং মৎস্য অধিদপ্তরের কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতার বিষয়ে সভায় দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। সভায় উপস্থিত অংশীজনবৃন্দ মৎস্য অধিদপ্তরের কর্মকাণ্ডের স্বচ্ছতা ও জবাবদিহিতার বিষয়ে একমত পোষণ করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে সুশাসন প্রতিষ্ঠায় সুপারিশমালা প্রণীত হয়-

- ১। নিয়মিত মৎস্যচাষীদের পুকুরের মাটি ও পানি পরীক্ষা নিশ্চিত করতে হবে।
- ২। মাছ চাষের ক্ষেত্র বিবেচনা করে প্রশিক্ষণ প্রদান করতে হবে।
- ৩। মাছ চাষে পানির সরবরাহ নিশ্চিত করতে হবে।
- ৪। গলদা চিংড়ির রেণু উৎপাদন ও সরবরাহে সহযোগিতা করতে হবে।
- ৫। অনলাইনে খামার রেজিস্ট্রেশন কার্যক্রম চালু করার উদ্যোগ গ্রহন করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত মৎস্যচাষীদেরকে গুরুত্বপূর্ণ মতামত প্রদান করায় ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

প্রাপক

.....
.....
.....

মোঃ সাদ্দাম হোসেন)
উপজেলা মৎস্য কর্মকর্তা
বাগাতিপাড়া, নাটোর

স্মারক নং-৩৩.০২.০১৭৩.৫০১.১৯.০০২.২২.

তারিখঃ ২০-০৯-২০২৩ খ্রি.

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ০২। জেলা মৎস্য কর্মকর্তা, নাটোর।
- ০৩। দপ্তর নথি।

উপজেলা মৎস্য কর্মকর্তা
বাগাতিপাড়া, নাটোর